দৈনিক ইত্তেফাক

১৭/৯/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১০ কলাম ... ৬ ...

# ব্রাহ্মণপাড়া ও চান্দিনায় নিরক্ষরদের স্বাক্ষর দান সমাপ্ত

কুমিল্লা সংবাদদাতা ।। সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচীর আওতায় জেলার ব্রাহ্মণপাড়া ও চান্দিনা উপজেলার নিরক্ষরদের সাক্ষরদানের কাজ শেষ হইয়াছে। গত ৯ই সেপ্টেম্বর ২টি উপজেলার ৩৮ হাজার ৮৭৬ জন বয়স্ক নিরক্ষর পুরুষ ও মহিলা শিক্ষার্থীর চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকালে মহিলা শিক্ষার্থীদের এবং বিকালে পুরুষ শিক্ষার্থীদের চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা নেওয়া হয়। ১ হাজার ২৬৮টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে গত ৬ মাস এই কর্মসূচীর আওতায় নিরক্ষরদের সাক্ষরতা জ্ঞান দান করা হয়। প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করিয়া এই দুইটি উপজেলার প্রত্যন্ত অঞ্চলের বয়স্ক পুরুষ-মহিলারা তাহাদের নিকটস্থ মূল্যায়ন পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হইয়া পরীক্ষায় অংশ নেন। শিক্ষার্থীদের শতকরা ৮০জনই মূল্যায়ন পরীক্ষায় অংশ নেন বলিয়া জানা যায়। সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচী (টিএলএম)-এর ঢাকাস্থ প্রকল্প কর্মকর্তা জাহান আরা বেগম, আহসান হাবিব জেলা শিক্ষ অফিসার আনোয়ার হোসেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ সুলতান মিয়া, ম্যাজিস্ট্রেট তাজুল ইসলামসহ ৮ জন ম্যাজিস্ট্রেট, সংশ্লিষ্ট উপজেলা দুইটির নির্বাহী অফিসার ও উপজেলা কর্মকর্তাগণ চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা পর্যবেক্ষণ করেন।